



স্মারকঃ ৩৭.০১.৭২০১.০০৯.১০.০০১.২২.৪৯২

তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বাংলা বিভাগের সেমিস্টার ফাইনাল পরীক্ষা-২০২১ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় এর বাংলা বিভাগের সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের বি.এ (অনার্স) ৩য় বর্ষ ৬ষ্ঠ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ০৭ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখ থেকে ১১ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় দপ্তরে নম্বরপত্র ফি/একাডেমিক ট্রান্সক্রিপ্ট (Academic Transcript) বাবদ ৩০০/- (তিনশত টাকা) জমা প্রদান পূর্বক ফরম সংগ্রহ করে পূরণকৃত ফরম বিভাগীয় দপ্তরে জমা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিশেষ দ্রষ্টব্য:

- ১। পরীক্ষার ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল কাগজপত্রের সঙ্গে মিলিয়ে বা পরীক্ষা করে দেখার সম্পূর্ণ দায়িত্ব সংশ্লিষ্ট বিভাগের।
- ২। পরীক্ষার ফরম পরীক্ষার্থী নিজে পূরণ করবে। কোন তথ্য ভুল লিখলে অথবা তথ্য না লিখলে সেজন্য পরীক্ষার্থী নিজে দায়ী থাকবে।
- ৩। কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

আবেদন ফরম সংগ্রহ:

বাংলা বিভাগের ৩য় বর্ষ ৬ষ্ঠ সেমিস্টার ফাইনাল পরীক্ষার আবেদন ফরম বিভাগীয় দপ্তর হতে পরীক্ষার্থী নিজে সংগ্রহ করবেন।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলি:

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

বাংলা বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের বি.এ (অনার্স) ৩য় বর্ষ ৬ষ্ঠ সেমিস্টারে ভর্তিকৃত সকল ছাত্র/ছাত্রী (যারা রেগুলেশন (regulation) অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০২১ সালের সেমিস্টার ফাইনাল পরীক্ষার নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অন্যান্য নির্দেশাবলি

শিক্ষার্থীদের নিম্ন লিখিত প্রয়োজনীয় কাগজপত্র এবং ছবি অবশ্যই সংযুক্ত করতে হবে:

১. প্রভোস্ট/বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট (Passport) সাইজের ২ কপি রঙিন ছবি।

প্রবেশপত্র বিতরণ: সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরের প্রবেশপত্র বিতরণ তালিকা/রেজিস্ট্রার বইতে স্বাক্ষর প্রদান পূর্বক অফিস সময়ে প্রবেশপত্র গ্রহণ করার জন্য পরীক্ষার্থীদেরকে অনুরোধ করা হলো।

আনুষঙ্গিক/ প্রাসঙ্গিক বিষয়: (সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর কর্তৃক করণীয়)

- ❖ অবশ্যই প্রবেশপত্র বিতরণ তালিকা, পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের তালিকার Hard copy এবং Soft copy/Word file, নম্বরপত্র ফি/ একাডেমিক ট্রান্সক্রিপ্ট বাবদ ৩০০/- (তিনশত টাকা) ও নম্বরপত্র ফি আদায়ের রশিদ নিয়মতান্ত্রিকভাবে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করবেন।
- ❖ উল্লেখিত সময়সূচি অনুযায়ী উক্ত সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফরম পূরণ সম্পূর্ণ করার পর তালিকাভুক্ত ছাত্র/ছাত্রীদের লিস্ট ও আবেদনের কপি এবং প্রবেশপত্রের অংশ বিভাগীয় চেয়ারম্যান মহোদয় কর্তৃক সুবিন্যস্তরূপে যাচাই-বাছাই নিশ্চয়ন শেষে সিল স্বাক্ষর প্রদান পূর্বক ১২/১২/২০২২ খ্রি.তারিখের দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করার জন্য বিভাগীয় চেয়ারম্যান/সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-

৬/১২/২২
০৩/১২/২২

(তাপস কুমার কর্মকার)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (অ.দা)

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা- ২৪০০

স্মারকঃ ৩৭.০১.৭২০১.০০৯.১০.০০১.২২.৪৯২

তারিখঃ

২১ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ

০৬ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. রেজিস্ট্রার (অ.দা.), রেজিস্ট্রার দপ্তর, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
০২. চেয়ারম্যান, বাংলা বিভাগ, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা
০৩. উপ-পরিচালক, অর্থ ও হিসাব শাখা, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
০৪. সহকারী রেজিস্ট্রার (একাডেমিক শাখা) শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা;
০৫. পিএস টু ভিসি (অ.দা.) ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য) শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়;
০৬. নোটিশ বোর্ড;
০৭. www.shu.edu.bd
০৮. অফিস নথি (পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর)।

মোঃ রওশন আলী

অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা-২৪০০